বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(নিয়োগ শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৬৬ এ তারিখঃ- ১০/০৪/২০১৬ খ্রি.

**বিষয়ঃ- দেশের সকল আদালত/ট্রাইব্যুনালে ইন্টারনেট সংযোগ স্থাপন সংক্রান্ত।**

সূত্রঃ (১) সার্কুলার নং-১২/২০১৫ এ, তারিখঃ- ২৯/০৭/২০১৫ খ্রি. হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
(২) নং- ১০.০০.০০০০.১২৬.২০.১০১.১২-২৬৭, তারিখঃ ১৭/০২/২০১৬ খ্রি., আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে অধস্তন আদালতসমূহের যোগাযোগ, তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং দ্রুত বার্তা আদান-প্রদান তথা বিচার প্রশাসনের দাপ্তরিক কাজকর্মে অধিকতর গতি আনয়নের লক্ষ্যে দেশের সকল আদালত/ট্রাইব্যুনালে সরকারি ব্যয়ে দাপ্তরিক ইন্টারনেট সংযোগ ও ব্যবহার নীতিমালা, ২০০৪ অনুযায়ী ইন্টারনেট সংযোগ স্থাপন করার জন্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১ নং সূত্রোক্ত স্মারকে নির্দেশ প্রদান করা হয়।

০২। আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ২ নং সূত্রোক্ত স্মারকে ইন্টারনেট সংযোগ ও ব্যবহার নীতিমালা, ২০০৪ অনুযায়ী অধস্তন আদালত/ট্রাইব্যুনাল সমূহে ইন্টারনেট সংযোগের জন্য অনুমোদন জ্ঞাপন করা হয়।

০৩। হাইকোর্ট বিভাগের সাথে অধস্তন আদালত/ট্রাইব্যুনাল সমূহের যোগাযোগ, তথ্য ও উপাত্ত সংগ্রহ ইত্যাদির অনলাইন রিপোর্টিং ব্যবস্থা সহসাই চালু হবে বিধায় জরুরী ভিত্তিতে দেশের সকল আদালত/ট্রাইব্যুনাল সমূহের ইন্টারনেট সংযোগ স্থাপন সংক্রান্ত সর্বশেষ তথ্য পাওয়া একান্ত প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, অধস্তন সকল আদালত/ট্রাইব্যুনাল সমূহের ইন্টারনেট সংযোগ স্থাপন সংক্রান্ত সর্বশেষ তথ্য পত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্নের ছকে বর্ণিত মতে অত্রকোর্টে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল আদালত/ট্রাইব্যুনালকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্র. নং | আদালত/ট্রাইব্যুনালের নাম (সহকারী জজ আদালত/ম্যাজিস্ট্রেট আদালত হতে শুরু করে সকল আদালত/ট্রাইব্যুনাল) | ইন্টারনেট সংযোগ আছে কিনা (থাকলে সংযোগের ধরণসহ উল্লেখ করুন) | ইন্টারনেট সংযোগ স্থাপন ও নিয়মিত বিল পরিশোধের জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ আছে কিনা | ইন্টারনেট সংযোগ স্থাপন করা না হলে তার কারণ |
|---|---|---|---|---|
| | | | | |

স্বাঃ/-
(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৯৫০৬
ই-মেইলঃ aziz_dr@supremecourt.gov.bd

**স্মারক নং-** 2926 (12) এ তারিখঃ-১০ /০৪/২০১৬ খ্রিঃ।

**কার্যার্থে বিতরণঃ**

১। জেলা জজ ............................................. (সকল)।
২। মহানগর দায়রা জজ ............................................. (সকল)।
৩। বিভাগীয় বিশেষ জজ .............................................(সকল)।
৪। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ............................. (সকল)।
৫। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল ............................. (সকল)।
৬। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল ............................. (সকল)।
৭। বিভাগীয় বিশেষ জজ/ বিশেষ জজ (জেলা জজ), ............................. (সকল)।
৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত............................. (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল.................... (সকল)।
১০। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১১। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, এসইসি, ঢাকা।
১২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট............................. (সকল)।
১৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

Aktaruzzaman 10.04.16
(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন ঃ ৯৫৬১৯৩২।
e-mail: aktar_ar@supremecourt.gov.bd